

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুন ১৭, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
ভৌত অবকাঠামো বিভাগ
সড়ক পরিবহন উইং

প্রজ্ঞাপন

তারিখ : ২৮ জ্যৈষ্ঠ ১৪৩৩/১১ জুন ২০২৬

নং ২০.০৩.০০০০.৭০২.১৪.০১৪.২৩(অংশ-১)-১২৩—পরিকল্পনা মন্ত্রণালয়ের এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগের ১২ মে, ২০০৩ এবং ১৪ মে, ২০০৩ সালের প্রজ্ঞাপন অনুযায়ী সরকার কর্তৃক বর্ণিত সড়কের সংজ্ঞা ও শ্রেণিবিন্যাসের আলোকে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের আওতাধীন সড়ক ও জনপথ (সওজ) অধিদপ্তর এবং স্থানীয় সরকার বিভাগের আওতাধীন স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) ও স্থানীয় সরকার প্রতিষ্ঠান (এলজিআই) কর্তৃক দাবীকৃত সড়কসমূহের মালিকানা ও দায়-দায়িত্ব নির্ধারণকরতঃ বিদ্যমান বিরোধ বা মতপার্থক্যের নিষ্পত্তি, সড়কের শ্রেণি/মান উন্নয়নের প্রস্তাব বিবেচনা, এক সংস্থার দায়িত্বাধীন সড়কের অন্য সংস্থার হস্তক্ষেপ এবং/অথবা সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে আনীত অভিযোগ বিবেচনা করে সুপারিশ প্রণয়নের জন্য গঠিত স্ট্যান্ডিং কমিটির সভা গত ২৩ এপ্রিল ২০২৬ তারিখে পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগে অনুষ্ঠিত হয়।

০২। স্ট্যান্ডিং কমিটির সভায় স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতাধীন কুমিল্লা জেলার “ফেনুয়া-সরাপতি-মুগুজিবাজার-জাঙ্গালিয়া-মুকুন্দপুর-কাদুটি নবাবপুর সড়ক” (আইডি নং- ৪১৯০৯৪০৩৫) (দৈর্ঘ্য ১৭.৫০ কিঃমিঃ), “আদমসার-রামমোহন বাজার সংযোগ সড়ক” (আইডি নং- ৪১৯০৯২০০১) (দৈর্ঘ্য ৪.৯৫ কিঃমিঃ) ও “রাজাপুর (বটতলা)-পুরান কদবা সংযোগ সড়ক” (এলজিইডি কর্তৃক

(১৯৫৮৩)

মূল্য : টাকা ৪.০০

প্রস্তাবিত আইডি নং-৪১৯০৯৫৬০৭) (দৈর্ঘ্য ১.২০ কিঃমিঃ) সড়ক ৩টি সড়ক ও জনপথ অধিদপ্তরের নিকট জেলা মহাসড়ক হিসেবে হস্তান্তরের [সংযোজনী-‘ক’] সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিষয়টি গেজেটভুক্ত করার নিমিত্ত গৃহীত সুপারিশ যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়।

০৩। অনুমোদিত তালিকাটি পূর্বে জারীকৃত সংশ্লিষ্ট সংস্থাসমূহের আওতাধীন সড়কের তালিকাসমূহের সাথে যুক্ত অথবা সংশোধিত তালিকা দ্বারা প্রতিস্থাপিত হবে।

০৪। বাংলাদেশ গেজেটে প্রকাশের তারিখ হতে এটি কার্যকর বলে গণ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

নাসরীন সুলতানা
উপপ্রধান (সংযুক্ত)।

সংযোজনী-'ক'

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতাধীন কুমিল্লা জেলার ৩টি সড়ক এলজিইডি হতে সড়ক ও জনপথ অধিদপ্তরের নিকট হস্তান্তর:

ক্রঃ নং	জেলার নাম	প্রস্তাবিত সড়কের নাম ও আইডি নং	বর্তমান মালিকানা	প্রস্তাবিত মালিকানা	স্ট্যান্ডিং কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত
১.	কুমিল্লা	ফেনুয়া-সরাপতি-মুগুজিবাজার-জাঙ্গালিয়া-মুকুন্দপুর-কাদুটি নবাবপুর সড়ক (আইডি নং- ৪১৯০৯৪০৩৫) (দৈর্ঘ্য ১৭.৫০ কিঃমিঃ)	এলজিইডি	সড়ক ও জনপথ অধিদপ্তর	"ফেনুয়া-সরাপতি-মুগুজিবাজার-জাঙ্গালিয়া-মুকুন্দপুর-কাদুটি নবাবপুর" সড়কটি (আইডি নং- ৪১৯০৯৪০৩৫) (দৈর্ঘ্য ১৭.৫০ কিঃমিঃ) এলজিইডি হতে সড়ক ও জনপথ অধিদপ্তরের নিকট জেলা মহাসড়ক হিসেবে হস্তান্তরের সুপারিশ করা হলো।
২.	কুমিল্লা	আদমসার-রামমোহন বাজার সংযোগ সড়ক (আইডি নং-৪১৯০৯২০০১) (দৈর্ঘ্য ৪.৯৫ কিঃমিঃ)	এলজিইডি	সড়ক ও জনপথ অধিদপ্তর	"আদমসার-রামমোহন বাজার সংযোগ" সড়কটি (আইডি নং- ৪১৯০৯২০০১) (দৈর্ঘ্য ৪.৯৫ কিঃমিঃ) এলজিইডি হতে সড়ক ও জনপথ অধিদপ্তরের নিকট জেলা মহাসড়ক হিসেবে হস্তান্তরের সুপারিশ করা হলো।
৩.	কুমিল্লা	রাজাপুর (বটতলা)-পুরান কদবা সংযোগ সড়ক (এলজিইডি কর্তৃক প্রস্তাবিত আইডি নং-৪১৯০৯৫৬০৭) (দৈর্ঘ্য ১.২০ কিঃমিঃ)	এলজিইডি ও বরুড়া পৌরসভা	সড়ক ও জনপথ অধিদপ্তর	"রাজাপুর (বটতলা)-পুরান কদবা সংযোগ" সড়কটি (এলজিইডি কর্তৃক প্রস্তাবিত আইডি নং-৪১৯০৯৫৬০৭) (দৈর্ঘ্য ১.২০ কিঃমিঃ) এলজিইডি হতে সড়ক ও জনপথ অধিদপ্তরের নিকট জেলা মহাসড়ক হিসেবে হস্তান্তরের সুপারিশ করা হলো।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd